



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।
www.sylhetboard.gov.bd

স্মারক নং: সিশিবো/পনি/মাধ্য/২০২৬/৯১৭

তারিখ: ৩০/০৩/২০২৬খ্রি.

বিষয় : এসএসসি পরীক্ষা- ২০২৬ পরিচালনার জন্য কেন্দ্র সচিব মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এসএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালা- ২০২৬ এর অনুচ্ছেদ ২.৪.৩ এ বর্তমানে বর্ণিত রয়েছে কমিটি নিম্নবর্ণিত নিয়মে কেন্দ্র সচিব মনোনয়ন করবেন-

“কোনো কারণে কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্র সচিব হতে না পারলে কেন্দ্র কমিটির সভাপতির অনুমোদনক্রমে কেন্দ্রের আওতাধীন অন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের মধ্য থেকে দক্ষ ও অভিজ্ঞ প্রধান শিক্ষক কেন্দ্র সচিবের দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোনো শিক্ষক অথবা কর্মকর্তার ছেলে/মেয়ে সংশ্লিষ্ট বোর্ডের কোনো কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না।”

উপরোল্লিখিত অনুচ্ছেদের পরিবর্তে নিম্নবর্ণিত অনুচ্ছেদ ২.৪.৩ এ প্রতিস্থাপিত হবে।

কমিটি নিম্নবর্ণিত নিয়মে কেন্দ্র সচিব মনোনয়ন করবেন:

“কোনো কারণে কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্র সচিব হতে না পারলে কেন্দ্র কমিটির সভাপতির অনুমোদনক্রমে কেন্দ্র প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষক অথবা সিনিয়র শিক্ষক কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে মেয়ে সংশ্লিষ্ট বোর্ডের কোন কেন্দ্রের পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না।”

এমতাবস্থায় উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিদেশক্রমে অনুরোধ করা হলো।


৩০.০৩.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

কেন্দ্র সচিব
এসএসসি পরীক্ষা-২০২৬
সিলেট বিভাগের আওতাধীন সকল পরীক্ষা কেন্দ্র।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

- ১। জেলা প্রশাসক সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিলেট শিক্ষা বোর্ড।
- ৪। সংরক্ষণ নথি।



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

তারিখ : ৩১/০৩/২০২৬ খ্রি.

স্মারক নং : সিবি/পনি/মাধ্য/২০২৬/৯১৭

বিষয় : ২০২৬ সালে অনূষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা কেন্দ্র কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২০২৬ সালে অনূষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে এসএসসি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০২৬ অনুসরণ করে তাঁর কেন্দ্রের জন্য ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কেন্দ্র কমিটি গঠন করে অনুমোদন নেয়ার জন্য অনুরোধ করা হলো।

সভাপতি :

জেলা সদরের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা ও অন্যান্য কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা "কেন্দ্র কমিটির" সভাপতি হিসেবে অন্তর্ভুক্ত হবেন।

সদস্যবৃন্দ :

ক) জেলা শিক্ষা কর্মকর্তা- জেলা সদর/মহানগরীর ক্ষেত্রে এবং মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা-উপজেলার ক্ষেত্রে।

খ) সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ০১ জন এবং বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ০১ জন (সংশ্লিষ্ট এলাকায় সরকারি উচ্চ বিদ্যালয় না থাকলে বেসরকারি উচ্চ বিদ্যালয়ের ০২ জন প্রধান শিক্ষক উক্ত পদে দায়িত্ব পালন করবেন)।

গ) কেন্দ্র সচিব "কেন্দ্র কমিটির" সদস্য সচিব হিসেবে বিবেচিত হবেন। বোর্ড কর্তৃক অনুমোদিত কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কেন্দ্র সচিবের দায়িত্ব পালন করবেন। তবে কোনো শিক্ষক অথবা কোনো কর্মকর্তার ছেলে-মেয়ে সংশ্লিষ্ট বোর্ডের কোনো কেন্দ্রে পরীক্ষায় অংশ গ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না।

উল্লেখ্য, পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী কমিটি গঠনপূর্বক পরীক্ষার মালামাল গ্রহণের দিন নিম্নস্বাক্ষরকারীর অনুমোদন নিয়ে মাধ্যমিক শাখায় জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেকক্রমে


৩১.০৩.২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

মোবাইল : ০১৭১২৫৪৫৭৭৮



৩১/০৩/২০২৬

প্রাপক : কেন্দ্র সচিব

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা-২০২৬ এর সকল কেন্দ্র।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট বিভাগের সকল উপজেলা (তাঁর উপজেলার সকল কেন্দ্রের জন্য কেন্দ্র কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

৪। অফিস কপি।